গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ২১৯/২০১৮-২০১৯

ঢাকা, রোববার ১৯ মে ২০১৯, ৫ জ্যৈষ্ঠ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। বঙ্গবন্ধু স্যাটেলাইটের বাণিজ্যিক কার্যক্রম শুরু আজ

২। তরুণ প্রজন্মকে তথ্যপ্রযুক্তিতে সমৃদ্ধ হয়ে গড়ে ওঠার আহ্বান স্পিকারের

৩। ড. ওয়াজেদ মিয়ার মতো আলোকিত মানুষ সমাজের জন্য অত্যন্ত প্রয়োজন : পীরগঞ্জে স্পিকার

৪। সেতুমন্ত্রী ওবায়দুল কাদের আজ থেকে অফিস করবেন

৫। ধানের দাম নিয়ে সমস্যার সমাধান শীঘ্রই : কৃষিমন্ত্রী

৬। ই-পাসপোর্ট মিলবে আগামী ১ জুলাই থেকে : স্বরাষ্ট্রমন্ত্রী

৭। স্বপ্নের বাংলাদেশ গড়তে সাংবাদিকদের ভূমিকা গুরুত্বপূর্ণ : চট্টগ্রামে তথ্যমন্ত্রী

৮। বিচার বিভাগ সম্পূর্ণ স্বাধীন : আইনমন্ত্রী

৯। তথ্যপ্রযুক্তি ব্যবহার করে বাংলাদেশ উন্নত দেশে পরিণত হবে : তথ্যপ্রযুক্তি মন্ত্রী

১০। মালয়েশিয়ার সাবেক উপ-প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের সঙ্গে সাক্ষাৎ প্রবাসীকল্যাণ প্রতিমন্ত্রীর

১১। ত্রিদেশীয় সিরিজে অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ায়
বাংলাদেশ ক্রিকেটদলকে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন

চলমান পাতা-২

১। **বঙ্গবন্ধু স্যাটেলাইটের বাণিজ্যিক কার্যক্রম শুরু আজ**

বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ মহাকাশে সফলভাবে উপক্ষেপণের বর্ষপূর্তি উদ্‌যাপনের পর আজ (১৯ মে রোববার) থেকে বাণিজ্যিক কার্যক্রম শুরু করতে যাচ্ছে। বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ (বিএস-১) এর বাণিজ্যিক কার্যক্রম পরিচালনার জন্য গঠিত বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিসিএসসিএল) ইতোমধ্যে দেশের বিভিন্ন বেসরকারি টেলিভিশন চ্যানেলের সঙ্গে চুক্তি সম্পাদন করেছে। উৎক্ষেপণের প্রতিষ্ঠাবার্ষিকী ও বাণিজ্যিক কার্যক্রম শুরুর অনুষ্ঠান আজ আয়োজন করছে বিসিএসসিএল। সূত্র-**জনকণ্ঠ (**পৃ.২,ক.৫**), যুগান্তর** (শেষ পৃ,ক.৩), **অবজারভার (**পৃ.১,ক.৫**), ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৫)।

২। **তরুণ প্রজন্মকে তথ্যপ্রযুক্তিতে সমৃদ্ধ হয়ে গড়ে ওঠার আহ্বান স্পিকারের**

তরুণ প্রজন্মকে তথ্যপ্রযুক্তিতে সমৃদ্ধ হয়ে গড়ে ওঠার আহ্বান জানিয়ে জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, তথ্যপ্রযুক্তির সঙ্গে তাল মিলিয়ে চলতে না পারলে ভবিষ্যৎ বিশ্বে টিকে থাকা অকল্পনীয়। বর্তমান বিশ্ব তথ্যপ্রযুক্তি নির্ভর। এ কারণে আইসিটিতে প্রশিক্ষণ অত্যন্ত জরুরি। গতকাল (১৮ মে শনিবার) রংপুরের পীরগঞ্জে উপজেলা অডিটরিয়াম হলে প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক পরিচালিত সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের আওতায় তথ্যপ্রযুক্তি ও ড্রাইভিং প্রশিক্ষণ এর উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি আরো বলেন, কারিগরি বা কর্মমুখী শিক্ষা হচ্ছে এমন এক ধরণের শিক্ষা যাতে শিক্ষার্থী তার জীবনের বাস্তব ক্ষেত্রে কোনো একটি পেশা সম্পর্কে সম্যক জ্ঞান লাভ করতে পারে। এ শিক্ষা গ্রহণের পর শিক্ষার্থীকে আর চাকরির জন্য অপেক্ষা করতে হয় না। সে নিজেই স্বাধীনভাবে কারিগরি বা কর্মমুখী পেশার মাধ্যমে জীবিকা নির্বাহ করতে পারে। সূত্র **: সংবাদ** (পৃ.৪,ক.১), **ভোরের কাগজ** (পৃ.৩,ক.৫), **অবজারভার** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.৬)।

৩। **ড. ওয়াজেদ মিয়ার মতো আলোকিত মানুষ সমাজের জন্য অত্যন্ত প্রয়োজন : পীরগঞ্জে স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, প্রজন্ম থেকে প্রজন্ম, ঘরে ঘরে ড. এম এ ওয়াজেদ মিয়ার মতো আলোকিত মানুষ প্রয়োজন। পীরগঞ্জের মাটিতে জন্ম নিয়ে বিশ্বে দ্যুতি ছড়িয়েছেন এমএ ওয়াজেদ মিয়া। নিজে আলোকিত হয়েছেন এবং আলোকিত করেছেন দেশের মানুষকে। গতকাল (১৮ মে শনিবার) পীরগঞ্জের সরকারি শাহ্ আব্দুর রউফ কলেজ প্রাঙ্গণে ড. এম এ ওয়াজেদ মিয়ার দশম মৃত্যুবার্ষিকী উপলক্ষে বাংলাদেশ আওয়ামী লীগ পীরগঞ্জ উপজেলা শাখা আয়োজিত আলোচনাসভা, ইফতার ও দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

৪। **সেতুমন্ত্রী ওবায়দুল কাদের আজ থেকে অফিস করবেন**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের আজ (১৯ মে রোববার) থেকে সচিবালয়ে অফিস করবেন। আজ সকাল ১০টায় সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়ের আওতাধীন চলমান উন্নয়ন প্রকল্পের অগ্রগতিবিষয়ক সভা এবং গণমাধ্যমের সঙ্গে মতবিনিময় করবেন সেতুমন্ত্রী। সূত্র **: সমকাল** (পৃ.৫,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৮)।

৫। **ধানের দাম নিয়ে সমস্যার সমাধান শীঘ্রই : কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক বলেছেন, ধানের দাম নিয়ে যে সমস্যা তৈরি হয়েছে এর সমাধান শীঘ্রই হবে। সরকার বর্তমান সংকটের ব্যাপারে খুবই সচেতন। কীভাবে এ থেকে পরিত্রাণ পাওয়া যায়, তার প্রচেষ্টা চলছে। কৃষকদের কল্যাণে প্রয়োজনীয় সব করা হবে। গতকাল (১৮ মে শনিবার) রাজধানীর আইডিইবি অডিটোরিয়ামে ক্লাইমেট চেঞ্জ জার্নালিস্ট ফোরাম আয়োজিত 'জলবায়ু পরিবর্তন : কৃষি খাতের চ্যালেঞ্জ' শীর্ষক সেমিনারে তিনি এসব কথা বলেন। সূত্র **: সমকাল** (পৃ.১৯,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৬। **ই-পাসপোর্ট মিলবে আগামী ১ জুলাই থেকে : স্বরাষ্ট্রমন্ত্রী**

আগামী ১ জুলাই থেকেই ইলেক্ট্রনিক পাসপোর্ট (ই-পাসপোর্ট) দেওয়া যাবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। এজন্য এরই মধ্যে জার্মানির একটি কোম্পানির সঙ্গে সব ধরনের কার্যক্রমও শেষ করে আনা হয়েছে। গতকাল (১৮ মে শনিবার) রাজধানীর শেরেবাংলানগরে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে এক ইফতার অনুষ্ঠানশেষে মন্ত্রী সাংবাদিকদের এ তথ্য জানান। স্বরাষ্ট্রমন্ত্রী আরো বলেন, বাংলাদেশেই ই-পাসপোর্ট ছাপা হবে। এ জন্য কার্যক্রম গুছিয়ে আনা হয়েছে। আশা করি নাগরিকরা আগামী ১ জুলাই থেকেই ই-পাসপোর্ট পাবেন। এতে নাগরিকদের যেমন ভোগান্তি থাকবে না, তেমনি কোনো তথ্য চুরিরও সুযোগ নেই। সূত্র **: সমকাল** (পৃ.৫,ক.১), **ভোরের কাগজ** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (পৃ,ক.৩)।

৭। **স্বপ্নের বাংলাদেশ গড়তে সাংবাদিকদের ভূমিকা গুরুত্বপূর্ণ : চট্টগ্রামে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, স্বপ্নের বাংলাদেশ গড়তে সাংবাদিকদের ভূমিকা গুরুত্বপূর্ণ। শুধু বস্তুগত উন্নয়ন দিয়ে উন্নত জাতি গঠন করা সম্ভব নয়। উন্নত রাষ্ট্র গঠন করতে হলে দেশাত্মবোধ থাকতে হবে। দেশাত্মবোধ সৃষ্টি না হলে দেশের আত্মিক উন্নয়ন হবে না। গতকাল (১৮ মে শনিবার) চট্টগ্রাম প্রেসক্লাবের বঙ্গবন্ধু হলে সাংবাদিকতার নীতিমালা, বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন ও তথ্য অধিকার আইন অবহিতকরণ শীর্ষক প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র **: সমকাল (**পৃ.২,ক.১**), ইত্তেফাক** (পৃ.২,ক.১), **ডেইলি সান (**পৃ.২,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

৮। **বিচার বিভাগ সম্পূর্ণ স্বাধীন : আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, বিচার বিভাগ সম্পূর্ণ স্বাধীন। বিচার বিভাগের ভাবমূর্তি রক্ষা করার জন্য যা করতে হয়, নির্বাহী বিভাগ সে বিষয়ে সব ধরনের সহযোগিতা দেবে। গতকাল (১৮ মে শনিবার) সুপ্রীমকোর্ট আইনজীবী সমিতি ভবনে কসবা উপজেলা সমিতির উদ্যোগে আয়োজিত ইফতার অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন। সূত্র- **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সমকাল** (পৃ.১৯,ক.১)।

৯। **তথ্যপ্রযুক্তি ব্যবহার করে বাংলাদেশ উন্নত দেশে পরিণত হবে : তথ্যপ্রযুক্তি মন্ত্রী**

তথ্যপ্রযুক্তি মন্ত্রী মোস্তফা জব্বার বলেছেন, বাংলাদেশের মতো দেশে চ্যালেঞ্জ হচ্ছে তথ্যপ্রযুক্তি খাতে মানব সম্পদের সফল ব্যবহার নিশ্চিত করা। তথ্যপ্রযুক্তি ব্যবহার করেই বাংলাদেশ উন্নত দেশে পরিণত হবে। এছাড়া তিনি প্রযুক্তিগত বিষয়ে বিভ্রান্তি না ছড়ানোর আহ্বান জানিয়েছেন। বিশ্ব টেলিযোগাযোগ দিবস পালন উপলক্ষে গতকাল (১৮ মে শনিবার) রাজধানীর একটি হোটেলে আয়োজিত অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র **: সমকাল (**পৃ.৫,ক.১**), বণিক বার্তা** (পৃ.২,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস (**শেষ পৃ,ক.৬)।

১০। **মালয়েশিয়ার সাবেক উপ-প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের সঙ্গে সাক্ষাৎ প্রবাসীকল্যাণ প্রতিমন্ত্রীর**

মালয়েশিয়ার সাবেক উপ-প্রধানমন্ত্রী, বর্তমান সংসদ সদস্য আনোয়ার ইব্রাহিমের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন মালয়েশিয়ায় সফররত প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ। গত ১৭ মে শুক্রবার আনোয়ার ইব্রাহিমের সঙ্গে এ বৈঠক অনুষ্ঠিত হয়। গতকাল (১৮ মে শনিবার) প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, বৈঠকে দুই দেশের স্বার্থসংশ্লিষ্ট বিষয় নিয়ে অত্যন্ত সৌহার্দ্যপূর্ণ আলোচনা হয়েছে। এ সময় আনোয়ার ইব্রাহিম প্রতিমন্ত্রী ইমরান আহমদকে বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ দ্রুত এগিয়ে যাচ্ছে। বাংলাদেশি কর্মীদের বেতন-ভাতা, আবাসন এবং কল্যাণের বিষয়ে মালয়েশিয়ার সরকার কাজ করছে। এছাড়া বিদেশি কর্মীদের সুষ্ঠু ও একক ব্যবস্থাপনা বিষয়েও মালয়েশিয়ার সরকার কাজ করছে। এ সময় প্রবাসী কল্যাণ প্রতিমন্ত্রী বাংলাদেশে বিনিয়োগ করার আহ্বান জানান। সূত্র- ইত্তেফাক (পৃ.১৫,ক.৫)।

১১। **ত্রিদেশীয় সিরিজে অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ায়**
বাংলাদেশ ক্রিকেটদলকে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন

আয়ারল্যান্ডে অনুষ্ঠিত ত্রিদেশীয় সিরিজে অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ায় বাংলাদেশ ক্রিকেটদলকে অভিনন্দন জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এক অভিনন্দন বার্তায় সব খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ক্রিকেট বোর্ডের কর্মকর্তাদের শুভেচ্ছা জানান রাষ্ট্রপতি। অভিনন্দন বার্তায় তিনি আরো বলেন, এ অসাধারণ সফলতায় পুরো জাতি গর্বিত। জাতীয় ক্রিকেটদল আসন্ন বিশ্বকাপে ভালো ক্রিকেট খেলবে বলে রাষ্ট্রপতি আশা প্রকাশ করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা অপর এক বার্তায় বলেন, আমাদের খেলোয়াড়দের টিম স্পিরিট ও অভূতপূর্ব নৈপুণ্যে পুরো জাতি গর্বিত। বর্তমান সরকারের খেলাধুলায় অব্যাহত সমর্থন ও পৃষ্ঠপোষকতার কারণে এ জয় অর্জিত হয়েছে। তিনি আশা প্রকাশ করেন, ভবিষ্যতেও বাংলাদেশ ক্রিকেট দলের এ জয়ের ধারা অব্যাহত থাকবে। সূত্র **: যুগান্তর (**পৃ.২,ক.১**), ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬)।

সম্পাদকীয়

ক. **সমকাল, ইত্তেফাক, ইনকিলাব, যায়যায়দিন, ভোরের কাগজ, যুগান্তর, ডেইলি সান, ইন্ডিপেনডেন্ট, নিউ এজ :** আয়ারল্যান্ডে অনুষ্ঠিত ত্রিদেশীয় সিরিজে বাংলাদেশ ক্রিকেট দল চ্যাম্পিয়ন হওয়ায় অভিনন্দন জানিয়ে বিশ্বকাপ শুরুর মাত্র সপ্তাহ দুয়েক আগে এ বিজয় বাংলাদেশকে উজ্জীবিত করবে বলে মতপ্রকাশ।

খ. **যায়যায়দিন :** রাজধানীসহ সারাদেশের ওপর দিয়ে কালবৈশাখী ঝড়ের তাণ্ডবে **১১**জন নিহত ও অনেক মানুষ আহত হওয়ার কথা উল্লেখ করে ঝড়ের ব্যাপারে সবাইকে সচেতন ও সতর্ক হওয়ার আহ্বান।

গ. **যুগান্তর :** সরকার উচ্চমাধ্যমিকের যে তিনটি বই প্রকাশকদের মাধ্যমে বাজারজাত করে তা এখনও সংশোধন ও মুদ্রণ এবং বাজারজাতের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হয়নি উল্লেখ করে দ্রুত তা সম্পন্ন করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **সংবাদ :** বরিশাল বিভাগের ৬টি কারাগারে ৩ হাজার ২শ' বন্দির জন্য মাত্র একজন চিকিৎসক রয়েছেন বলে এক সংবাদ প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে কারাগারে বন্দিদের জন্য চিকিৎসাসেবা নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঙ. **জনকণ্ঠ :** সরকার সারাদেশে পলিথিন ব্যাগের উৎপাদন, আমদানি, বাজারজাতকরণ ও বিক্রয় বন্ধ ঘোষণা করলেও কিছুতেই ক্ষতিকর পলিথিনের আগ্রাসন বন্ধ করা যাচ্ছেনা উল্লেখ করে এ ব্যাপারে ব্যাপকভাবে জনসচেতনতামূলক কার্যক্রম জোরদার করার আহ্বান।

চ. **ইন্ডিপেনডেন্ট :** বাংলাদেশে শতকরা ২৮ ভাগ শিশু কম ওজন নিয়ে জন্ম নেয় এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এ ব্যাপারে সচেতনতার ওপর গুরুত্বারোপ।

ছ. **নিউজ টুডে :** অবৈধভাবে সমুদ্রপথে লিবিয়া যাওয়ার পথে সমুদ্রে ডুবে ৩৭ বাংলাদেশির মৃত্যুর ঘটনায় উদ্বেগ প্রকাশ করে অবৈধভাবে মানবপাচার বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

উপসম্পাদকীয়

জনকণ্ঠ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, প্রযুক্তি সেবায় নিজেদের সক্ষমতা বাড়াতে ব্যাপক প্রযুক্তিশিক্ষা সচেতনতা কর্মসূচি হাতে নিতে হবে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'প্রাকৃতিক সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, প্রাকৃতিক সম্পদ একটি দেশের অর্থনীতির মূল চালিকাশক্তি, এ সম্পদকে সঠিকভাবে ব্যবহার করার মাধ্যমে কর্মসংস্থান বৃদ্ধিসহ যেকোনো ধরনের উন্নয়ন সম্ভব।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা